গণযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী কল্যাণ সমিতির

**ত্রি-বার্ষিক নির্বাচন – ২০১৮**

প্রিয় সহকর্মী কর্মচারীবৃন্দ,

আমাদের শুভেচ্ছা নিন। আমাদের উপর আপনাদের কর্মচারী কল্যাণ সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন ২০১৮ পরিচালনা করার দায়িত্ব প্রদান করার জন্য আপনাদের আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। একটি স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার জন্য আমরা আন্তরিক থাকবো। এক্ষেত্রে সকল কর্মচারী ভাই-বোনদের সহযোগিতা আমরা প্রত্যাশা করছি। এ বিশ্বাস থেকেই গণযোগাযোগ অধিদপ্তর কর্মচারী কল্যাণ সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন ২০১৮ এর তফসীল নিম্নরূপ আকারে ঘোষণা করছি :

## তফসিল

১। গণযোগাযোগ অধিদপ্তরের সদর দপ্তর ও তথ্য অফিসসমূহের নন-গেজেটেড (১১-২০ গ্রেড) কর্মচারিগণ এই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। তবে অধিদপ্তরের সকল কর্মচারি ভোটার হিসাবে বিবেচিত হবেন না। সমিতির বর্তমান কমিটি প্রদত্ত স্বাক্ষরিত ভোটার তালিকা চূড়ান্ত ভোটার তালিকা হিসাবে বিবেচিত হবে। এ তফসিলের সাথে প্রকাশিত ভোটার তালিকার বিষয়ে কারো কোন আপত্তি থাকলে তা লিখিতভাবে নির্বাচন কমিশনকে ০৩.০১.২০১৮ তারিখে বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে জানাতে হবে।

২। গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। আগামী ২৪.০২.২০১৮ তারিখ সকাল ০৯.০০ টা থেকে ভোট গ্রহণ শুরু হবে এবং বিরতিহীনভাবে একটানা বিকাল ৪.০০ টা পর্যন্ত চলবে।

৩। কর্মচারি পরিষদের যে যে পদে নির্বাচন অনুষ্ঠিত হবে তা নিম্নে দেয়া হলো :

| | | |
|---|---|---|
| ক) | সভাপতি | ০১ (এক) টি পদ |
| খ) | সহ-সভাপতি | ০১ (এক) টি পদ |
| গ) | সাধারণ সম্পাদক | ০১ (এক) টি পদ |
| ঘ) | সহ-সাধারণ সম্পাদক | ০১ (এক) টি পদ |
| ঙ) | সাংগঠনিক সম্পাদক | ০১ (এক) টি পদ |
| চ) | শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক | ০১ (এক) টি পদ |
| ছ) | দপ্তর সম্পাদক | ০১ (এক) টি পদ |
| জ) | কোষাধ্যক্ষ | ০১ (এক) টি পদ |
| ঝ) | প্রচার সম্পাদক | ০১ (এক) টি পদ |
| ঞ) | মহিলা সম্পাদক | ০১ (এক) টি পদ |
| ট) | সদস্য | ০৩ (তিন) টি পদ |
| | সর্বমোট : | ১৩ (তের) টি পদ |

৪। কেবলমাত্র বৈধ ভোটারগণ যে কোন পদে প্রার্থী হওয়ার জন্য আবেদন করতে পারবেন। এক ব্যক্তি একের অধিক পদে প্রার্থী হতে পারবেন না। কেউ একের অধিক পদে প্রার্থী হলে তার সকল পদের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৫। প্রার্থীতা নির্বাচনের ক্ষেত্রে কর্মচারী কল্যাণ সমিতির মাধ্যমে গৃহীত ঋণ পরিশোধ বকেয়া/খেলাপী হলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, ঋণ পরিশোধ করা সাপেক্ষে প্রার্থীতা বহাল রাখা যাবে।

চলমান পাতা-২

৬। **০৮.০১.২০১৮ হতে ১১.০১.২০১৮ খ্রি. তারিখ সময়ের মধ্যে নির্বাচন কমিশনার জনাব মো: আসাদুল্লাহ খান শাওন – এর কাছ থেকে নির্ধারিত ফি জমাদান পূর্বক মনোনায়ন পত্র সংগ্রহ করা যাবে। মনোনয়ন পত্রের ফরম সংগ্রহের জন্য নির্ধারিত হারে ফি {(সভাপতি ২৫০০/- (দুই হাজার পাঁচশত), সহ সভাপতি ২০০০/- (দুই হাজার), সাধারণ সম্পাদক ২৫০০/- (দুই হাজার পাঁচশত), সহ সাধারণ সম্পাদক ২০০০/- (দুই হাজার), অন্যান্য সম্পাদক ১০০০/- (এক হাজার) ও সদস্য ৮০০/- (আটশত)} নির্ধারিত সময়ের পরে কোন ফরম দেয়া হবে না। মনোনয়ন পত্রের নির্ধারিত মূল্য অফেরতযোগ্য।**

৭। নির্বাচনে প্রত্যেক ভোটার, সদস্য ব্যতীত প্রতিটি পদের জন্য ০১ (এক) টি মাত্র ভোট দিতে পারবেন। ০৩ (তিন) টি সদস্য পদের প্রতিজন ভোটার ০৩ (তিন) টি ভোট প্রদান করতে পারবেন। সদস্য ব্যতীত অন্য কোন পদের বিপরীতে একাধিক ভোট দিলে ঐ পদের ভোট বাতিল বলে গণ্য হবে।

৮। মনোনয়ন পত্র যথাযথভাবে পূরণ করতে হবে। ভুল বা ত্রুটিযুক্ত এবং অসত্য তথ্য সম্বলিত মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা (রঙিন) ছবি ও মনোনয়নপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে। মনোনয়ন পত্রে ০১ (এক) জন প্রস্তাবকারী ও ০১ (এক) জন সমর্থনকারীর ভোটার তালিকা অনুযায়ী নাম, ভোটার নম্বর, মেম্বার আইডি ও জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ স্বাক্ষর যুক্ত হতে হবে। অন্যথায় মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৯। ১৫.০১.২০১৮ হতে ১৬.০১.২০১৮ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে প্রার্থীদের মনোনয়ন পত্র জমা দেয়া যাবে। উক্ত সময়ের আগে বা পরে কোন মনোনয়ন পত্র জমা নেওয়া হবে না।

১০। ২৩.০১.২০১৮ খ্রি. তারিখ দুপুর ০২.০০ টার মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাবে। উক্ত তারিখ বা সময়ের পর মনোনয়ন প্রত্যাহার করার আবেদন বিবেচনা করা হবে না। ২৫.০১.২০১৮ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টায় চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে।

১১। মনোনয়নপত্র বাছাই ১৭.০১.২০১৮ (বুধবার) খ্রি. এবং প্রতীক বরাদ্দ ১১.০২.২০১৮ (রবিবার) খ্রি. সকাল ১০.৩০ মিনিট।

১২। প্রার্থীগণ মনোনয়ন পত্রে কাঙ্খিত প্রতীকের নাম উল্লেখ করবেন। তবে এ নির্বাচনে জাতীয় নির্বাচনে ব্যবহৃত প্রতীক যেমন- নৌকা, ধানের শীষ, লাঙ্গল, ইত্যাদি প্রতীক বরাদ্দ দেয়া হবে না। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে লটারির মাধ্যমে চূড়ান্ত প্রতীক নির্ধারিত হবে। তবে যে প্রার্থী কাঙ্খিত প্রতীক পাবেন না তাকে ২য় পর্যায়ে প্রতীক পছন্দের সুযোগ দেয়া হবে। ভিন্ন ভিন্ন পদে একই প্রতীক বরাদ্দ দেয়া হবে না।

১৩। দেয়াল লিখন নির্বাচন প্রচারণা হিসেবে ব্যবহার করা যাবে না। ৬×১২ ইঞ্চি সাইজের মধ্যে সাদা-কালো লিফলেট বিতরণ করা যাবে এবং পোস্টারের ক্ষেত্রে ১৮×১২ ইঞ্চি সাইজের পোস্টার রশিতে টাঙ্গানো/প্রদর্শন করা যাবে। কোন অবস্থাতেই দেয়ালে পোস্টার সাটানো যাবে না। ব্যানার টানানো যাবে, তবে তার সাইজ ৩×২ ফুট এর বেশি হবে না। দাপ্তরিক কোন টেলিফোন প্রচার কাজে ব্যবহার করা যাবে না।

১৪। ভোট গ্রহণ ও গণনার সময় প্রত্যেক প্রার্থীর একজন করে প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। তবে প্রতিনিধির নাম নির্বাচনের পূর্বেই প্রার্থী কর্তৃক লিখিতভাবে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে। ২৪.০২.২০১৮ খ্রি. তারিখ শনিবার বিকাল ৪.১৫ মিনিটে ভোট গণনা শুরু হবে। ভোট গণনা শেষে সকলের উপস্থিতিতে প্রধান নির্বাচন কমিশনার ফলাফল ঘোষণা করবেন। কোন পদে একাধিক প্রার্থী সমান সংখ্যক ভোট পেলে লটারির মাধ্যমে সেই পদের ফলাফল চূড়ান্ত করা হবে।

১৫। উপরোল্লিখিত শর্ত/নির্দেশনা যথাযথভাবে পালন করা না হলে সরকারি কর্মচারি শৃঙ্খলা ও আপীল বিধিমালা ১৯৮৫ অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১৬। উপরোক্ত তফসিল অনুযায়ী নির্বাচন সম্পন্ন করা হবে। নির্বাচন পরিচালনার ব্যাপারে এই তফসিলের যে কোন শর্ত/নির্দেশনা সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার ক্ষমতা নির্বাচন কমিশন সংরক্ষণ করে।

(মোঃ জসীম উদ্দিন)
প্রধান নির্বাচন কমিশনার
ত্রি-বার্ষিক নির্বাচন ২০১৮।

বিতরণ :
নোটিশ বোর্ড।
সংশ্লিষ্ট সকল।